“উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২. ৫৪২

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০ / ০৬ জুলাই ২০২৩

বিষয় : জুন, ২০২৩ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮.(অংশ-২)-০১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত “ছক” মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের জুন ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে............।

৬/৭/২৩


মোঃ শরিফুল ইসলাম
মহাপরিচালক (অ: দা:)
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd


সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## মন্ত্রণালয়/বিভাগসমুহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: জুন ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৪-০৭-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১৩,১৮৭ | ১০,০৭১ | ৩,১১৬ | |
| মোট | ১৩,১৮৭ | ১০,০৭১ | ৩,১১৬ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৭০ | ৩৫৩ | ১৯৫৯ | ৬৩৪ | ৩,১১৬ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
সিস্টেম এনালিস্ট -০১টি
উপপরিচালক -০৫টি
সহকারী পরিচালক -১৮টি
সমাজসেবা অফিসার/সমমান -১৪৫টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | -- | - | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬৪৪.৪৪ (ছয়শত চুয়াল্লিশ কোটি চুয়াল্লিশ লক্ষ টাকা) | ৫১৪.৬৩৫৫৮ (পাঁচশত চৌদ্দ কোটি তেষট্টি লক্ষ পঞ্চান্ন হাজার আটশত টাকা) ৮০% | - | ০৮/০১/২০২৩ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২৭৭টি<br>অগ্রিম- ১৮৫টি<br>মোট- ৪৬২টি | ১০০,২৯,৪৫,২১২/-<br>৬৮৫,২৩,৯২,৬৯০/-<br>৭৮৫,৫৩,৩৭,৯০২/-<br>(সাতশত পঁচাশি কোটি তিপ্পান্ন লক্ষ সাইত্রিশ হাজার নয়শত দুই টাকা) | সাধারণ-১৫৪টি<br>অগ্রিম- ২১৭টি<br>মোট- ৩৭১টি | অগ্রিম -০২টি<br>টাকার পরিমান ১০,৭১,২১৪/-<br>(দশ লক্ষ একাত্তর হাজার দুইশত চৌদ্দ টাকা) | সাধারণ- ২৭৭টি<br>নতুন - ১৩৩টি<br>মোট= ৪১০টি<br>অগ্রিম- ১৮৩টি<br>নতুন - ৬৩টি<br>মোট= ২৪৬টি<br>সর্বমোট=৬৫৬টি<br>টাকার পরিমান<br>১০০,২৯,৪৫,২১২/-<br>৫২০,৮৮,৬৬,৩০১/-<br>৬২১,১৮,১১,৫১৩/-<br>৬৮৫,১৩,২১,৪৭৬/-<br>৬৩,৫৩,০৮,২৪২/-<br>৭৪৮,৬৬,২৯,৭১৮/-<br>সর্বমোট=<br>১৩৬৯,৮৪,৪১,২৩১/-<br>(তেরশত উনসত্তর কোটি চুরাশি লক্ষ একচল্লিশ হাজার দুইশত একত্রিশ টাকা) | ১। বরিশাল বিভাগে ১২টি সাধারণ আপত্তি নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় সভা ২৩/০২/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ৯টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>২। ১৩টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ১৩/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ১৩টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য মন্ত্রণালয় হতে ৮/৫/২০২৩ তারিখ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৩। ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ২টি পত্রের মাধ্যমে ৩৩টি অডিট আপত্তির কার্যপত্র প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৪। দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য ২১টি অডিট আপত্তির কার্যপত্র সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে ২৮/৪/২০২৩ তারিখ ৮৪ সংখ্যক পত্র যোগে প্রেরণ করা হয়েছে।<br>৫। ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ১৪টি কার্যপত্র প্রস্তুত করা হয়েছে।<br>৬। ২০২১-২২ অর্থবছরের সমাজসেবা অধিদপ্তরের অনুকূলে SFI ৬৩টি এবং NON-SFI ১৩৩টিসহ মোট ১৯৬টি নতুন অডিট আপত্তি যোগ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত **/বরখাস্ত** | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৪ | ০৬ | ১১০ | ০০ | ০৬ | ০১ | ০৭ | ৪৬ | ১০৩<br>১ম শ্রেণির ৩৬ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪১ টি,<br>৪র্থ শ্রেণির ২১ টি<br>মোট = ১০৩ টি |

## (৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জুলাই-ডিসেম্বর ২০২২ সেশনে ১০৯৮৭ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৪৩৯৫ জন<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৬৫৯২ জন |
| ২ | Training Course on Capacity Building and Skill Development for Assistant Director | ০৪ হতে ০৮ জুন ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ২৯ জন |
| ৩ | সমাজসেবা অফিসার (মিউনিসিপ্যাল) গণের প্রশিক্ষণ চাহিদা নিরুপণ শীর্ষক কর্মশালা (রংপুর বিভাগ) | ১০ জুন ২০২৩ | | ৭০ জন |
| ৪ | পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নে সমাজসেবা অফিসারদের প্রশিক্ষণ চাহিদা নিরুপণ শীর্ষক কর্মশালা (রাজশাহী বিভাগ) | ১৩ জুন ২০২৩ | | ৭০ জন |
| ৫ | ৫১ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ২৮ মে হতে ২৭ জুলাই ২০২৩ | | ৩৪ জন |
| ৬ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ০৪ হতে ০৮ জুন ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ৩২ জন |
| ৭ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ১২ হতে ১৪ জুন ২০২৩ | | ৩২ জন |
| ৮ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১১ হতে ১৫ জুন ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ৩৩ জন |
| ৯ | শিশু উন্নয়ন ও বিকাশ | ৩১ মে ২০২৩ হতে ০২ জুন ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৫ জন |
| ১০ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ০৪ হতে ০৬ জুন ২০২৩ | | ২৫ জন |
| ১১ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ০৭ হতে ০৯ জুন ২০২৩ | | ২৫ জন |
| ১২ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ১১ হতে ১৩ জুন ২০২৩ | | ২৪ জন |
| ১৩ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ১৪ হতে ১৬ জুন ২০২৩ | | ২৫ জন |
| ১৪ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ১৮ হতে ২০ জুন ২০২৩ | | ২৫ জন |
| ১৫ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ২১ হতে ২৩ জুন ২০২৩ | | ২৫ জন |
| ১৬ | অফিস ম্যানেজমেন্ট এন্ড কমিউনিকেশন | ২৮ মে ২০২৩ হতে ০১ জুন ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ২৮ জন |

| | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৭ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ১১ হতে ১৫ জুন ২০২৩ | | ৩০ জন |
| ১৮ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ১৮ হতে ২২ জুন ২০২৩ | | ৩০ জন |
| ১৯ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মনোন্নয়ন | ১১ হতে ১৩ জুন ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ২৫ জন |
| ২০ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মনোন্নয়ন | ১৭ হতে ১৯ জুন ২০২৩ | | ২৫ জন |
| ২১ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ২০ হতে ২৪ জুন ২০২৩ | | ২৫ জন |
| ২২ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৩৮ জন |
| ২৩ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৫ দিন | | ৪১ জন |
| ২৪ | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা, উপবৃত্তি ও অনুদানের অর্থ G2P পদ্ধতিতে প্রদানে বিদ্যমান চ্যালেঞ্জ ও উত্তরণের উপায় শীর্ষক সেমিনার | ২১ জুন ২০২৩ | সমাজসেবা অধিদপ্তর | ২৪৩ জন |
| ২৫ | ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাাদন চুক্তি চূড়ান্তকরণ ও এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে এপিএ সম্পাদন এবং বাজেট ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ | ০৭ হতে ০৮ জুন ২০২৩ | | ৩৫ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সেবা সহজিকরণ, উদ্ভাবন এবং ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১৪, ১৫, ১৮ ও ১৯ জুন ২০২৩ | সমাজসেবা অধিদপ্তর | ১১৬ জন |
| ২. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ও জিআরএস সফটওয়্যার ব্যবহার | ১৮ ও ১৯ জুন ২০২৩ | | ৫৭ জন |
| ৩. | সেবাপ্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১৪ ও ১৫ জুন ২০২৩ | | ৫৯ জন |
| ৪. | শুদ্ধাচার, দাপ্তরিক শিষ্টাচার ও পেশাগত দক্ষতা উন্নয়ন | ১২ জুন ২০২৩ | | ৩২ জন |
| ৫. | শুদ্ধাচার পেশাগত শিষ্টাচার সম্পর্কিত ধারণা প্রদান | ১৩ জুন ২০২৩ | | ২৭ জন |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ০২ জন।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৭০ জন, ২য় শ্রেণির ৩৫৩ জন, ৩য় শ্রেণির ১৯৫৯ জন এবং ৪র্থ শ্রেণির ৬৩৪ জনসহ মোট ৩ হাজার ১১৬ জনের জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ এন্ট্রিকৃত মোট ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের উপকারভোগীর মধ্যে প্রায় ১ কোটি ৫ লক্ষ ৯৯ হাজার জন উপকারভোগীর মোবাইল/ব্যাংক হিসাবে ২০২২-২৩ অর্থবছরের ৩য় ও ৪র্থ কিস্তির ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে। বিতরণের হার ৯৯.৫৪%।

(০২) ২০২২-২০২৩ অর্থবছরে অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বাজেটে ও সংশোধিত বাজেটে ‘পল্লী সমাজসেবা কার্যক্রম: আবর্তক ক্ষুদ্রঋণ’ খাতে বরাদ্দকৃত ২৯ কোটি ৭৫ লক্ষ টাকার মধ্যে অর্থনৈতিক কোড: ৩২৩১৩০১- প্রশিক্ষণ খাতে ০৬ লক্ষ ২৫ হাজার টাকা, অর্থনৈতিক কোড: ৩২৫৫১০৫- অন্যান্য মনিহারি খাতে ০২ লক্ষ ৫০ হাজার টাকা এবং অর্থনৈতিক কোড: “৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান” কোডে ০৭ কোটি ৪২ লক্ষ ৫০ হাজারসহ মোট ০৭ কোটি ৫১ লক্ষ ২৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরী আদেশ সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। ছাড়কৃত ০৭ কোটি ৫১ লক্ষ ২৫ হাজার টাকার বিল প্রস্তুতপূর্বক পরিচালক (প্রশাসন ও অর্থ) বরাবর ইউ.ও.নোট প্রেরণ করা হয়েছে।

(০৩) ২০২২-২০২৩ অর্থবছরের দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের বরাদ্দকৃত ১ কোটি ৯৩ লক্ষ টাকার মধ্যে ১ম, ২য় ও ৩য় কিস্তির ১ কোটি ৪৪ লক্ষ ৭৫ হাজার টাকা উপজেলা পর্যায়ে বিতরণ করা হয়েছে। ৪র্থ কিস্তির ৪৮ লক্ষ ২৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে বরাদ্দ প্রাপ্ত পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২৫ কোটি টাকার মধ্যে ৪র্থ কিস্তি বাবদ ০৬ কোটি ২৩ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড় ও ব্যয়ের মঞ্জুরী আদেশ পাওয়া গিয়েছে। উক্ত ছাড়কৃত অর্থ ব্যয়ের নিমিত্ত চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয় এর কার্যালয়ে বিল দাখিল করা হয়েছে।

(০৫) ২০২২-২৩ অর্থবছরের সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ৪র্থ কিস্তি বাবদ ০৩ কোটি ৭৬ লক্ষ ২৫ হাজার টাকা মাঠ পর্যায়ের ৭৮ টি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৬) ৮০ টি শহর সমাজসেবা কার্যালয়ের মধ্যে ২১ টি কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম ১৫ জুন হতে ১৯ জুন ২০২৩ তারিখ পরিচালনা করা হয়।

(০৭) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫২৮টি হাসপাতালে জুন ২০২৩ মাসে মোট ৬৭ হাজার ৬০৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃতের সংখ্যা ১৫ হাজার ১৭৮ জন, সামাজিকভাবে উপকৃতের সংখ্যা ৫২ হাজার ৪২৭ জন। সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে জুন ২০২৩ মাসে সংগৃহীত ৫২৮টি রোগীকল্যাণ সমিতির সর্বমোট আয় ১ কোটি ৪৮ লক্ষ ৯ হাজার ১৯০ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ১ কোটি ৭৩ লক্ষ ৯২ হাজার ২৬২ টাকা।

(০৮) প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় জুন ২০২৩ মাসে আদালত কর্তৃক মোট ৬৩২ জন দোষী সাব্যস্ত ব্যক্তিকে প্রবেশনে দেওয়া হয়েছে। মনিটরিং, ফলোআপ ও সংশোধনের মাধ্যমে মোট ৪১৩ জন প্রবেশনারকে প্রবেশনের মেয়াদ শেষে আদালতে অব্যাহতির জন্য চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আদালত কর্তৃক বিকল্পপন্থা বা ডাইভারশন প্রদানকৃত ৭৭ জন শিশুকে শিশু আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৫৪ জন সুবিধাবঞ্চিত শিশুকে বিকল্প পরিচর্যায় প্রেরণ করা হয়েছে। অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে ১৯৮ জন প্রবেশনারকে পুনর্বাসন করা হয়েছে। কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত মোট ২৯৭ জন ব্যক্তিকে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে পুনর্বাসন করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মোট ২ হাজার ৩৩০ জন কয়েদিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জুন ২০২৩ মাসে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির ব্যয়ের পরিমাণ ৬ লক্ষ ৬৮ হাজার ৪০৩ টাকা।

(০৯) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। জুন ২০২৩ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ৩০ লক্ষ ৩৮ হাজার ৯২৪ জন।

(১০) মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনটি ঝুঁকিপূর্ণ ঘোষিত হওয়ায় মুজিবনগর কমপ্লেক্স সরকারি শিশু পরিবার ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সভার সিদ্ধান্ত এবং মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী মহোদয়ের মৌখিক নির্দেশনা অনুযায়ী মুজিবনগর কমপ্লেক্স সরকারি শিশু পরিবারের অব্যবহৃত কক্ষগুলো শর্ত স্বাপেক্ষে মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অস্থায়ীভাবে পাঠদানের জন্য ব্যবহারের অনুমতি প্রদান করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.৪৪৪.০৮.৩২৭ তারিখ ০৪ জুন ২০২৩ যোগে উপপরিচালক, মেহেরপুর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) ছোটমনি নিবাস থেকে শিশুর অভিভাকত্ব প্রদানের লক্ষ্যে অভিভাকত্ব গ্রহণ আইন প্রনয়নের লক্ষ্যে গঠিত কমিটির সভা ১০ জুন ২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সমাজসেবা অধিদপ্তরের মেঘনা সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে।

(১২) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র, আজিমপুর ,ঢাকার নিবাসিদের মাথাপিছু মাসিক খোরাকী ভাতা ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা থেকে ২,০০০/- টাকায় উন্নীত করায় উক্ত টাকার বিভাজন প্রস্তুত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২০.০০১.২২.৮১ তারিখ ১৩ জুন ২০২৩ যোগে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উপতত্ত্বাবধায়ক বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৩) পবিত্র ঈদ-উল-আজহা ২০২৩ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে উদযাপনসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার (অভিন্ন মেন্যু অনুযায়ী) পরিবেশনের নিমিত্ত জেলাধীন আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নির্দেশ প্রদানের জন্য জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৫০ তারিখ ১৮ জুন ২০২৩ যোগে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) পবিত্র ঈদ-উল- আজহা ২০২৩ উপলক্ষে ঢাকা শহরে অবস্থিত প্রতিষ্ঠানসমূহের নিবাসিদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকির নিমিত্ত কর্মকর্তাগণকে পরিদর্শনের দায়িত্ব প্রদান করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৫১ তারিখ ১৮ জুন ২০২৩ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত বেসরকারি এতিমখানার ২০২২-২০২৩ অর্থবছরে ২য় কিস্তি (জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩) সরকারি অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) বাবদ ০১ শত ৪০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২০.০৫৯.১৮.৩৬৩ তারিখ ১৯ জুন ২০২৩ যোগে সংশ্লিষ্ট সকল কার্যালয়/বেসরকারি এতিমখানা বরাবর প্রেরণ করা হয়েছে।

(১০) গ. আগামী ২ মাসে (জুলাই ২০২৩ ও আগস্ট ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তির অর্থ ছাড় করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

(০২) ২১ (একুশ) টি উপজেলার পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের সকল ক্ষুদ্রঋণের আর্থিক হিসাবের সঠিকতা যাচাই ও অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষাকরণের লক্ষ্যে আগামী ১১, ১২ ও ১৩ জুলাই ২০২৩ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে মহাপরিচালক সমাজসেবা অধিদপ্তর এর উপস্থিতিতে একটি কর্মশালার আয়োজন করা হবে।

(০৩) দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের ৪র্থ কিস্তির ৪৮ লক্ষ ২৫ হাজার টাকার মঞ্জুরি আদেশ পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৪) ক্ষুদ্রঋণ কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে ৮০ জন উপজেলা সমাজসেবা অফিসারদের জাতীয় সমাজসেবা একাডেমির সহযোগিতায় প্রশিক্ষণের আয়োজন করা হবে।

(০৫) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/Micro Credit Management System (MCMS) সফটওয়্যারে data এবং user acceptance test এর জন্য নির্বাচিত ১১টি জেলার উপপরিচালক ও সহকারী পরিচালকদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করা হবে।

(০৬) ১০ টি উপজেলা ও ১টি শহর সমাজসেবা কার্যালয়ে ৪ টি ক্ষুদ্রঋণ কার্যক্রমের পরীক্ষামূলকভাবে ডাটা MCMS এ এন্ট্রির কাজ সম্পন্ন হবে।

(০৭) ২০২২-২৩ অর্থ বছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৪র্থ কিস্তি বাবদ ০৬ কোটি ২৩ লক্ষ ৭৫ হাজার চেক প্রাপ্তি সাপেক্ষে দ্রুত মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৮) ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ৮০টি শহর সমাজসেবা কার্যালয়ের মধ্যে অবশিষ্ট ৩৮টি কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পর্যায়ক্রমে পরিচালনা করা হবে।

(০৯) ২০২৩-২০২৪ অর্থবছরে বেসরকারি এতিমখানার নিবাসিদের জন্য ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ ও মঞ্জুরী প্রদানের নিমিত্ত ইউসিডি/উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রাপ্ত তথ্য একীভূত করে (২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ পত্রের ক্রমিক অনুযায়ী) নির্ধারিত "ছক" পূরণপূর্বক অধিদপ্তরে প্রেরণের অনুরোধ জানিয়ে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হবে।

(১০) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করে তা যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হবে।

(১১) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এস এস সি/২০২৩ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপনের নিমিত্ত প্রবেশপত্র সংগ্রহ করা হবে।

(১২) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহিত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (জুলাই ২০২৩ ও আগস্ট ২০২৩) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

তাসলিমা খাতুন
সহকারী পরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

আদিল মোস্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।